

B.A. 4th Semester (Honours) Examination, 2024 (CBCS)

বিষয় : বাংলা

Course : CC-VIII

সময় : ৩ ঘণ্টা

পূর্ণমান : ৬০

দক্ষিণ-প্রান্তস্থ সংখ্যাগুলি প্রশ্নের মানের নির্দেশক।

যথাসম্ভব নিজের ভাষায় উত্তর লিখতে হবে।

১। যে-কোনো দশটি প্রশ্নের উত্তর দাও :

২×১০=২০

- (ক) “তাদের সবার গান তোমার সংগীতে
পাঠায়ে কি দিলে,”—কোন কবিতার অংশ? ‘তাদের’ বলতে কাদের কথা বলা হয়েছে?
- (খ) ‘মেঘদূত’ কাব্যে উল্লেখ করা হয়েছে এমন দুটি নদীর নাম লেখো।
- (গ) ‘বিদায় অভিশাপ’ কবিতাটি কোন পত্রিকায়, কবে প্রকাশিত হয়?
- (ঘ) “চিরজীবনের সনে/ তার নাম গাঁথা হয়ে গেছে।”— কার উক্তি? ‘তার’ বলতে কার কথা বলা হয়েছে?
- (ঙ) “পুষ্প থাকে পল্লবে বিলীন—/ গন্ধ তার লুকাবে কোথায়?”— কে বলেছে একথা? উক্তিটিতে ‘গন্ধ’ বলতে কী ইঙ্গিত করা হয়েছে?
- (চ) “গভীর মধুর
বিচিত্র তরুণ কণ্ঠে সম্মিলিত সুর
শান্ত সামগীতি।”— কোন কবিতার অংশ? ‘সামগীতি’ কী?
- (ছ) “আপক্ৰধান্যভারনম্র তোমার শস্যক্ষেত্র”— কোন কবিতার অংশ? বাক্যাংশটির অর্থ লেখো।
- (জ) “একটি কথার দ্বিধা থরথর চূড়ে
ভর করেছিলো সাতটি অমরাবতী...”— সরলার্থ লেখো।
- (ঝ) “আমাদের বিকারের গড্ডল ধূলার দিনরাত অন্যায়ে কুৎসিতে/শুনি যেন সুন্দরের গান”— কোন কবিতার অংশ? ‘গড্ডল’ শব্দের অর্থ কী?
- (ঞ) “সন্তানের মুখ ধরে একটি চুমো খাবো”— কোন কবিতার অংশ? কোন কবিতা-সংকলন থেকে উদ্ধৃত অংশটি নেওয়া হয়েছে?
- (ট) “এসব এখন তোমারই”— কোন কবিতার অংশ? ‘তোমার’ বলতে কাকে বোঝানো হয়েছে?
- (ঠ) “তোমার কাছে শিখেছিলাম বটে...”— কোন কবিতার অংশ? কবি কী শিখেছিলেন?
- (ড) “মায়াবী আলোয় ভাসছে কলকাতা শহর।”— কোন কবিতার অংশ? আলো কেন মায়াবী হয়ে উঠেছে?
- (ঢ) “মৃত্যুভয়কে ফাঁসিতে লটকে দিয়ে/মিছিল এগোয়”— অংশটির তাৎপর্য লেখো।
- (ণ) “আমাদেরই এঁরা পিতা-পিতামহ”— কোন কবিতার অংশ? ‘এঁরা’ বলতে কাদের বোঝানো হয়েছে?

২। যে-কোনো চারটি প্রশ্নের উত্তর দাও :

৫×৪=২০

- (ক) “দূর হতে শুনি যেন মহাসাগরের গান।”— কোন কবিতার অংশ? কবির অনুভবের প্রসঙ্গটি ব্যাখ্যা করো।
- (খ) “কে দিয়েছে হেন শাপ, কেন ব্যবধান?
কেন উর্ধ্ব চেয়ে কাঁদে রুদ্ধ মনোরথ?”— কোন কবিতার অংশ? অংশটির সপ্রসঙ্গ ব্যাখ্যা করো।
- (গ) “ধর্ম জানে
প্রতারণা করি নাই; অকপট-প্রাণে...” — কে, কাকে, কোন প্রসঙ্গে এ কথা বলেছে? অংশটির মূলভাব আলোচনা করো।
- (ঘ) “তুমি শুধু পাঁচিশে বৈশাখ
আর বাইশে শ্রাবণ?”— কবির এই আক্ষেপের কারণ নিজের ভাষায় সংক্ষেপে আলোচনা করো।
- (ঙ) “যেন মূর্ত মানবতা”— কোন কবিতার অংশ? অংশটির তাৎপর্য বিশ্লেষণ করো।
- (চ) “একাকী যাবো না অসময়ে।”— কবির এমন সিদ্ধান্তের কারণ সংক্ষেপে আলোচনা করো।

৩। নিচের প্রশ্নগুলির উত্তর দাও :

১০×২=২০

- (ক) ‘মেঘদূত’ কবিতাটি কালিদাসের ‘মেঘদূত’ কাব্যের নবভাষ্য হয়ে উঠেছে— আলোচনা করো।

অথবা,

‘পৃথিবী’ কবিতাটির মূল বক্তব্য নিজের ভাষায় লেখো।

- (খ) কবি অমিয় চক্রবর্তী ‘সংগতি’ কবিতায় জীবনের যে সাযুজ্য ও সমন্বয়ের কথা বলেছেন তা নিজের ভাষায় লেখো।

অথবা,

দিনেশ দাসের ‘ভারতবর্ষ’ কবিতা একটি সার্থক দেশানুরাগ ও দেশপ্রেমের কবিতা— মন্তব্যটির সার্থকতা বিচার করো।